



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, ডাক : কদমতলী-৩১১১, উপজেলা : দক্ষিণ সুরমা, সিলেট।

web: www.sylhetboard.gov.bd

e-mail(exam section): sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পনি/মাধ্য/৫০০০/৪(ক)/ ২০১৬

তারিখ : ০৯/১০/২০১৬ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতাভুক্ত মাধ্যমিক বিদ্যালয় সমূহের প্রধান শিক্ষক ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ২০১৭ সালে অনুষ্ঠিতব্য মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণে ইচ্ছুক পরীক্ষার্থীদের অনলাইনে ফরম পূরণ, নির্বাচনী পরীক্ষা গ্রহণ, পরীক্ষার ফি, জমা প্রদান ইত্যাদি সম্পর্কিত যাবতীয় তথ্যাদি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নে প্রদত্ত হলো।

১. **Online** এ শিক্ষার্থীদের তথ্য সম্বলিত সম্ভাব্য তালিকা (**probable list**) ওয়েব সাইটে (<http://eff.teletalk.com.bd>) ০৬/১১/২০১৬ তারিখ থেকে প্রদর্শিত হবে। উক্ত সম্ভাব্য তালিকা থেকে ০৭/১১/২০১৬ হতে ১৩/১১/২০১৬ তারিখের মধ্যে **Online** - এ ফরম পূরণ প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। **Online** এ বিদ্যালয় কর্তৃক যথাযথভাবে ফরম পূরণের পর **Final Candidate List Download** করতঃ প্রিন্ট করে পরীক্ষার্থীর স্বাক্ষর গ্রহণ করতে হবে এবং প্রতি পৃষ্ঠায় প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন। নিম্নে প্রদত্ত তারিখ অনুযায়ী (ব্যাংক ড্রাফট না করে) সোনালী ব্যাংকের যেকোন শাখার মাধ্যমে **ABB/RMS<sup>+</sup>** পদ্ধতিতে সোনালী সেবার মাধ্যমে বোর্ডের নির্ধারিত “সোনালী ব্যাংক, সিলেট কর্পোরেট শাখার সঞ্চয়ী হিসাব নম্বর ৩৪১৮৭২২৬ এর অনুকূলে” টাকা জমা করতঃ ফরম পূরণের প্রিন্ট ১ কপি হিসাব শাখায় জমা দিতে হবে। বোর্ডের হিসাব শাখা থেকে প্রাপ্ত রশিদ ও প্রিন্ট কপির (মূল কপি) পরীক্ষা শাখায় (মাধ্যমিক) জমা দিতে হবে। ১ কপি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, ২০১৬ সালের এস এস সি পরীক্ষার **eFF** এর মাধ্যমে ফরম পূরণের জন্য নবম শ্রেণীর (২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ) **eSIF** এ ব্যবহৃত প্রথম **Password** টি অর্থাৎ সর্বশেষ এস এস সি পরীক্ষার রেজিস্ট্রেশনের জন্য ব্যবহৃত **Password** ব্যবহার করতে হবে।

### ২. নিয়মিত পরীক্ষার্থী:

২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে নিবন্ধনকৃত সকল ছাত্র/ছাত্রী নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৭ সালের এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

### ৩. অনিয়মিত পরীক্ষার্থী:

#### (ক) সকল বিষয় :

২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ সালে নিবন্ধিত পরীক্ষার্থীরা নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে ২০১৭ সালের এস এস সি. পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সকল বিষয়ে অংশগ্রহণ করতে পারবে -

(i) ২০১৫ ও ২০১৬ সালের এস এস সি. পরীক্ষা বা এ দু'য়ের যে কোন একটিতে অংশগ্রহণ করে অকৃতকার্য ;

(ii) যুক্তি সংগত কারণে উক্ত পরীক্ষাসমূহে অংশগ্রহণে ব্যর্থ;

#### (খ) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয় :

(i) ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে (৪র্থ বিষয় ব্যতীত) অকৃতকার্য/অনুপস্থিত পরীক্ষার্থীরা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/বিষয়সমূহে ২০১৭ সালের এস এস সি. পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ সকল পরীক্ষার্থী ইচ্ছে করলে সব বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। তবে ২০১৫ ও ২০১৬ সালে নিয়মিত হিসেবে পরীক্ষায় অংশগ্রহণকারী ১ থেকে ৪ বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীরা সকল বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে চতুর্থ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে।

(ii) ২০১২-২০১৩ সেশনের সর্বোচ্চ এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীগণ নির্দিষ্ট ফি জমা দান পূর্বক অত্র বোর্ডের বিদ্যালয় শাখা থেকে ৩১/১০/২০১৬ তারিখের মধ্যে রেজিস্ট্রেশন নবায়ন করে ২০১৭ সালের এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। নবায়ন সম্পর্কিত তথ্যাদি অত্র বোর্ডের বিদ্যালয় শাখার নোটিশ বোর্ড থেকে জানা যাবে।

#### (গ) শাস্তি প্রাপ্ত পরীক্ষার্থী :

২০১৫ ও ২০১৬ সালের এস এস সি. পরীক্ষায় বহিষ্কৃত এবং শৃঙ্খলা কমিটি কর্তৃক শাস্তি প্রাপ্ত পরীক্ষার্থীগণ তাদের শাস্তির মেয়াদ শেষ হলে রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ২০১৭ সালের এস এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

### ৪. জি পি এ উন্নয়ন পরীক্ষার্থী :

২০১৬ সালের এস এস সি. পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম অর্থাৎ জিপিএ ১.০০ থেকে ৪.৯৪ প্রাপ্ত পরীক্ষার্থীরা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ২০১৭ সালের এস এস সি. পরীক্ষায় জি.পি.এ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। তবে ০১ (এক) থেকে ০৪ (চার) বিষয়ে অংশগ্রহণ করে উত্তীর্ণ পরীক্ষার্থীরা জি.পি.এ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। জি পি এ উন্নয়নের জন্য আবেদনকারী পরীক্ষার্থীদের মূল প্রবেশপত্র, একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সনদপত্র প্রিন্ট আউট জমা দেয়ার সময় আলাদা খামে বোর্ডের পরীক্ষা শাখা (মাধ্যমিক) - এ জমা দিতে হবে।

৫. **পরীক্ষার মাধ্যম:** বাংলা ও ইংরেজি ভাষার পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে। কোন শিক্ষা প্রতিষ্ঠানে ইংরেজি ভাষার পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী থাকলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে ০১ (এক) কপি তালিকা উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক) এর নিকট হাতে হাতে ০৫/১১/২০১৬ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। অন্যথায় তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইংরেজি ভাষার পরীক্ষা গ্রহণ করা সম্ভব হবে না। এতে শিক্ষার্থীদের কোন অসুবিধা হলে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানই দায়ী থাকবেন।

### ৬. পাঠ্যসূচি :

(ক) ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৪ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(খ) ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৬ সালের সিলেবাস অনুযায়ী প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

(গ) ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ২০১৭ সালের সিলেবাস অনুযায়ী প্রণীত প্রশ্নপত্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে।

